তারিখ ২৭ FEB 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

# পরিবহন সংকটে কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা

■ ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে (জাককানইবি) পরিবহন সংকটে শিক্ষার্থীদের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের বাসের সংখ্যা কম হওয়ায় অধিকাংশ শিক্ষার্থী প্রতিদিন দাঁড়িয়ে অথবা বাঁদুর ঝুলা হয়ে বিশ্ববিদ্যালয়ে আসা-যাওয়া করে থাকে। এতে করে যে কোনো সময় বড় কোনো দুর্ঘটনার আশঙ্কা করছে ভুক্তভোগী শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সংখ্যা পাঁচ হাজার কিন্তু বিশ্ববিদ্যালয়ে পর্যাপ্ত হল না থাকায় এসব শিক্ষার্থীর বেশিরভাগই অব[illegible]রে ময়মনসিংহ শহর ও আশপাশের এলাকায়। ফ[illegible]নসিংহ শহর থেকে বিশ্ববিদ্যালয়ের দূরত্ব ২৫ কিঃমিঃ হওয়ায় প্রতিদিন বাসে করে এসব শিক্ষার্থীর ক্লাসে যাওয়া-আসা করতে হয়। বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জন্য বাস রয়েছে মাত্র ৮টি এর মধ্যে ৪টি ভাড়ায় করা আর ৪টি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব।

বিশ্ববিদ্যালয় পরিবহন প্রশাসক রেজুয়ান আহমেদ (শুভ্র) জানান, শিক্ষার্থীদের দুর্ভোগের কথা চিন্তা করে বাস বাড়ানোর জন্য সর্বোচ্চ চেষ্টা করছি।